

এইচ এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন

## একাদশ শ্রেণি

বিষয় : কিন্যাল ব্যাংকিং এবং বীমা ১ম পত্র

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান—১০০

[ দ্রষ্টব্য : ক বিভাগ থেকে ৬টি এবং খ বিভাগ থেকে ৮টি মোট ১৪টি প্রশ্নের উত্তর দিতে হবে । ]

## ক বিভাগ-৬০

১. আর্থিক ব্যবস্থাপকের কার্যাবলি আলোচনা কর । ১০
২. ক) অর্থের সময় মূল্য বলতে কী বোঝায়? ৩ + ৩ + ৪  
 খ) জনাব আলিফের কাছে ২,০০,০০০ টাকা আছে । উক্ত টাকা তিনি ১২% হার সুদে ১০ বছরের জন্য বিনিয়োগ করলেন । ১০ বছর পরে উক্ত বিনিয়োগ থেকে তিনি কত টাকা ফেরত পাবেন? যদি—  
 i. বার্ষিক চক্রবৃদ্ধিতে সুদ গণনা করা হয় ।  
 ii. মাসিক চক্রবৃদ্ধিতে সুদ গণনা করা হয় ।
৩. নিম্নে একটি কোম্পানীর কিছু প্রয়োজনীয় তথ্য দেওয়া হল : ৩ + ৩ + ৪  
 বার্ষিক মোট বিক্রয়ের পরিমাণ ৩,০০,০০০ একক । বার্ষিক স্থায়ী পরিচালনা ব্যয় ১০,০০,০০০ টাকা । প্রতি একক পণ্যের বিক্রয়মূল্য ৫০ টাকা প্রতি একক পণ্যের পরিবর্তনশীল ব্যয় ৩০ টাকা ।  
করণীয় :  
 ক) কন্ট্রিবিউশন মার্জিন (প্রতি এককে) কত হবে?  
 খ) ব্রেক ইভেন পয়েন্ট (প্রতি এককে) নির্ণয় কর ।  
 গ) ব্রেক ইভেন পয়েন্ট (টাকায়) নির্ণয় কর ।
৪. ব্যবসায় অর্থায়নের গুরুত্ব আলোচনা কর । ১০
৫. দীর্ঘমেয়াদী অর্থায়ন কাকে বলে? দীর্ঘমেয়াদী অর্থায়নের বৈশিষ্ট্য আলোচনা কর । ৩ + ৭
৬. তোমার সামনে তিনটি বিকল্প প্রস্তাব আছে । তুমি কোনটি গ্রহণ করবে? যদি বার্ষিক সুদের হার ১০% হয় । ১০  
 ক) বর্তমানে ৫০,০০,০০০ টাকা পাবে ।  
 খ) প্রতি বছরের শেষে ১০,০০০ টাকা করে আগামী ৭ বছর পাবে ।  
 গ) ৭ বছর শেষে ১,০০,০০০ টাকা পাবে ।

ইফাদ কোম্পানি লি.  
উদ্বর্তপত্র  
ডিসেম্বর - ৩১

(মূল্য টাকায়)

বিবরণ	২০১২	২০১১
সম্পত্তি :		
নগদ	১৮,৯০০	৬,৬০০
প্রাপ্য বিল	২৫,৫০০	২২,৮০০
মজুদ পণ্য	৫৪,০০০	৫৬,৭০০
জমি	২২,৫০০	৩০,০০০
সরঞ্জামাদি	৭৮,০০০	৬০,০০০
পুঞ্জীভূত অবচয়-সরঞ্জামাদি	(১৯,৮০০)	(১২,৬০০)
মোট সম্পত্তি	১,৭৯,১০০	১,৬৩,৫০০
দায় ও ইকুইটি :		
প্রদেয় নোট	১০,২০০	১৪,১০০
প্রদেয় বন্ড	৪৫,০০০	৬০,০০০
সাধারণ শেয়ার	৬৪,২০০	৪৯,২০০
সংরক্ষিত আয়	৫৯,৭০০	৪০,২০০
মোট দায় ও ইকুইটি	১,৭৯,১০০	১,৬৩,৫০০

অতিরিক্ত তথ্যাবলি :

১. ২০১২ সালে নিট আয় ছিল ৩১,৫০০ টাকা।
২. নগদ লভ্যাংশ ঘোষণা করা হয়েছে এবং পরিশোধ করা হয়েছে ১২,০০০ টাকা।
৩. বন্ড পরিশোধ করা হয়েছে ১৫,০০০ টাকা।
৪. সাধারণ শেয়ার ইস্যু করা হয়েছে ১৫,০০০ টাকা।
৫. অবচয় খরচ ছিল ৭,২০০ টাকা।
৬. চলতি বছরের বিক্রয় ছিল ২,৯৩,৪০০ টাকা।

করণীয়

পরোক্ষ পদ্ধতি ব্যবহার করে ২০১২ সালের নগদ প্রবাহ বিবরণী তৈরি কর।

- ক) কুপন বন্ড কী? ২
- খ) এবি ব্যাংক লি. ১২ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে যার লিখিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন সুদের হার ১০%। সুদ অর্ধ-বার্ষিক ভিত্তিতে প্রদান করা হয় এবং বন্ডের প্রত্যাশিত আয়ের হার ১২%। তবে বন্ডের বাজার মূল্য কত? ৮
৯. ক) একটি ২,০০০ টাকা লিখিত মূল্যের বন্ডের বাজার মূল্য ১,৬০০ টাকা। বন্ডের মেয়াদ ১০ বছর এবং কুপন সুদের হার ৯% হলে আনুমানিক পদ্ধতিতে বন্ডের উপার্জন হার (YTM) নির্ণয় কর। ৭
- খ) একটি অসীম বন্ড হতে প্রতি বছর ১৫০ টাকা সুদ পাওয়া যায়। বাটার হার ১২% হলে বন্ডটির মূল্য নির্ণয় কর। ৩

খ বিভাগ-৪০

১. সরকারি অর্থায়ন কী? ৫
২. বার্ষিকী বলতে কী বোঝায়? ৫
৩. সম্পদ সর্বাধিকরণ ও মুনাফা সর্বাধিকরণের পার্থক্য দেখাও। ৫
৪. ফ্রি নগদ প্রবাহ কী? ৫
৫. একটি প্রকল্পের নামিক সুদের হার ১২%। প্রকল্পটিতে প্রতি ৩ মাস পর পর সুদ গণনা করা হলে কার্যকর সুদের হার কত? ৫
৬. আর্থিক বিবরণী কয়টি ও কী কী বর্ণনা কর। ৫
৭. ৭২ এর নিয়ম বলতে কী বুঝ? ৫
৮. অগ্রাধিকার শেয়ার কী? ৫
৯. শেয়ার ও ঋণপত্রের পার্থক্য দেখাও। ৫
১০. জিরো কুপন বন্ড কী? ৫
১১. সমচ্ছেদ বিন্দু কী? ৫
১২. ব্যবসায় অর্থায়ন কী? ৫